



বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

“পরমাণু ভবন”

ই-১২/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ওয়েব সাইট: www.baec.gov.bd

নং- ৩৯.০১.০০০০.২২০.২৯.০০৭.১৩ -৩০(৪০)


তারিখ : ২৪ মার্চ ২০২৬ খ্রি.

বিষয় : ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬ পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ উদযাপন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬ পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রধান কার্যালয়সহ এর বিভিন্ন কেন্দ্র/প্রতিষ্ঠান/ইনস্টিটিউটে কর্তৃপক্ষ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

- ক) ২৫ মার্চ ২০২৬ গণহত্যা দিবস পালন উপলক্ষে ঐ দিন রাত ১০:৩০ টা থেকে ১০:৩১ পর্যন্ত ০১ (এক) মিনিটের জন্য প্রতীকী ব্ল্যাক-আউট পালন করতে হবে;
- খ) ২৬ মার্চ ২০২৬ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে ২৬ মার্চ সূর্যোদয়ের সাথে কমিশনের প্রধান কার্যালয়সহ এর সকল কেন্দ্র/প্রতিষ্ঠান/ইনস্টিটিউটসমূহে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে;
- গ) ২৬ মার্চ ২০২৬ তারিখ সন্ধ্যায় (০১ দিনের জন্য) কমিশনের প্রধান কার্যালয়ে আকর্ষণীয় ও দৃষ্টিনন্দন আলোকসজ্জা করতে হবে।
- ঘ) এইআরই, সভার এর মহাপরিচালক- এর নেতৃত্বে কমিশনের পক্ষ হতে ২৬ মার্চ ২০২৬ খ্রি. প্রত্যুষে জাতীয় স্মৃতি সৌধে পুষ্পস্তবক অর্পণ করতে হবে।
- ঙ) ২৫/০৩/২০২৬ খ্রি. ২৫ মার্চ রাতে নিহতদের স্মরণে এবং শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত, মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে ২৬/০৩/২০২৬ খ্রি. বৃহস্পতিবার বাদ যোহর এইআরই, সভার জামে মসজিদে দোয়া/মোনাজাতের আয়োজন করতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: আ: হাফিম মিয়া)
উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা
প্রশাসন বিভাগ

বিতরণ :

কার্যার্থে :

১। সকল বিভাগীয় পরিচালক/প্রধানগণ----- বাপশক, ঢাকা।

২। মহাপরিচালক/পরিচালক/ভারপ্রাপ্ত পরিচালকগণ-----সকল কেন্দ্র/প্রতিষ্ঠান/ইনস্টিটিউট।

৩। পরিচালক, আইসিএস- কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।

সদয় জ্ঞাতার্থে :

- ১। চেয়ারম্যান, বাপশক, ঢাকা।
- ২। সদস্য (ভৌতবিজ্ঞান), বাপশক, ঢাকা।
- ৩। সদস্য (পরিকল্পনা), বাপশক, ঢাকা।
- ৪। সদস্য (জীববিজ্ঞান), বাপশক, ঢাকা।
- ৫। পরিচালক (অর্থ) (উপসচিব), বাপশক, ঢাকা।